



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

যথাযথ ভাব-গান্ধির্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হয়েছে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪। দিবসটি উপলক্ষে সকাল ৯:০০ টায় জাতির সূর্যসন্তান ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার নেতৃত্বে প্রভাত ফেরি সহকারে বিশ্ববিদ্যালয় পরিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারে এসে সমবেত হন। এসময় পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন উপাচার্য মহোদয়। এরপর পুষ্পস্তবক অর্পণ করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রুপ ১১-১৬ ও গ্রুপ ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব হল, ২৫টি বিভাগ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বচ্ছাসেবী সংগঠন। এদিকে দিবসটির তাৎপর্য তুলে ধরতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক আলোচনা সভার আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সকাল ১১ টায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, ভাষা আন্দোলন বাঙালীর রক্তের সাথে একাকার হয়ে আমাদের বারবার জানান দিয়ে যায় বাঙালীর একটা নিজস্বতা ও মৌলিকত্ব রয়েছে। বাঙালীর যে দীর্ঘ আন্দোলন সংগ্রামের ইতিহাস রয়েছে তার সবকিছুর মূলমন্ত্র হচ্ছে ভাষা আন্দোলন। ভাষা আন্দোলন আমাদের ঐক্যবদ্ধ হতে শেখায়। দেশের প্রতি, জাতির প্রতি, মাটির প্রতি বাঙালীর যে অকৃত্রিম ভালোবাসা সেটি আরো বেশি করে জানান দিয়ে যায়। ভাষা আন্দোলনের এ চেতনাকে আমাদের নিজেদের ভিতরে লালন করতে হবে এবং মাতৃভাষার মর্যাদা রক্ষায় যারযার অবস্থান থেকে কাজ করতে হবে। শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরীর সভাপতিত্বে সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়ছার, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক আবু জাফর মিয়া, পদার্থ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. রহিমা নাসরিন এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীরের সঞ্চালনায় সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় প্রধান, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়